

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬১৮

১/ বিবিধ

আরবী

مثل الذي يتعلم العلم في صغره كالنقش في الحجر، ومثل الذي يتعلم العلم في كبره
كالذي يكتب على الماء
موضوع

أورده السيوطي في " الجامع " من رواية الطبراني في " الكبير " عن أبي الدرداء. وقال
الشارح المناوي: " قال المصنف في " الدرر ": سنده ضعيف، وقال الهيثمي: فيه
مروان بن سالم الشامي، ضعفه الشيخان وأبو حاتم. قلت: البخاري ضعفه جدا فقد
قال فيه: " منكر الحديث
وكذلك قال مسلم وأبو حاتم، وقد سبق أن ذكرنا أن من قال البخاري فيه: " منكر
الحديث " فلا تحل الرواية
عنه، ولذلك فإن الاقتصار على تضعيف الرجل قصور، وكذا الاقتصار على تضعيف
حديثه، فإنه يفتح الباب لمن لا علم عنده أن يستشهد به، مع أنه من المتفق عليه أن
الحديث إذا اشتد ضعفه لا يجوز أن يستشهد به. وأنا أرى أن هذا الحديث موضوع،
لأن ابن سالم هذا متهم كما يشير إلى ذلك قول البخاري فيه: " منكر الحديث
ويؤيده قول أبي عروبة الحراني: " كان يضع الحديث ". وقول الساجي: " كذاب يضع
الحديث ". وقال ابن حبان (2 / 317): " يروي المناكير عن المشاهير، ويأتي عن
الثقات بما ليس من حديث الأثبات ". والحديث روي من حديث أبي هريرة بلفظ آخر،
وهو (الاتي)

বাংলা

৬১৮। যে ব্যক্তি তার বাল্যকালে জ্ঞান শিক্ষা করবে তার উদাহরণ পাথরে নকশা করার ন্যায়। আর যে ব্যক্তি বড় অবস্থায় জ্ঞান শিক্ষা করবে তার উদাহরণ হচ্ছে ঐ ব্যক্তির ন্যায় যে পানির উপর লিখে।

হাদীছটি জাল।

এটি সুযুতী "আল-জামে" গ্রন্থে তাবারানীর "আল-মুজামুল কাবীর" গ্রন্থের বর্ণনায় আবুদ দারদা হতে বর্ণনা করেছেন। তার ভাষ্যকার মানবী বলেনঃ মুসান্নেফ "আদ-দুরার" গ্রন্থে বলেনঃ সনদটি দুর্বল। হায়ছামী বলেনঃ সনদে মারওয়ান ইবনু সালেম আশ-শামী রয়েছে- তাকে বুখারী, মুসলিম ও আবু হাতিম দুর্বল আখ্যা দিয়েছেন।

আমি (আলবানী) বলছিঃ ইমাম বুখারী তাকে নিতান্তই দুর্বল আখ্যা দিয়েছেন। তিনি বলেছেনঃ তিনি মুনকারুল হাদীছ।

অনুরূপ ভাষ্য ইমাম মুসলিম ও আবু হাতিমও বলেছেন। পূর্বে আলোচনা করা হয়েছে যে ইমাম বুখারী যার সম্পর্কে মুনকারুল হাদীছ বলেছেন তার থেকে বর্ণনা করাই হালাল নয়। এ জন্য শুধুমাত্র দুর্বল বলাটা ক্রটি। আমার সিদ্ধান্ত এই যে, এ হাদীছটি বানোয়াট। কারণ ইবনু সালেম সম্পর্কে ইমাম বুখারী বলেছেনঃ তিনি মুনকারুল হাদীছ। আর তার এ কথাকে আবু আক্কাবাহ আল-হাররানী শক্তি যুগিয়েছেন, তিনি বলেনঃ তিনি হাদীছ জাল করতেন। সাজী বলেনঃ তিনি মিথ্যুক, হাদীছ জালকারী।

ইবনু হিব্বান (২/৩১৭) বলেনঃ তিনি প্রসিদ্ধদের উদ্ধৃতিতে মুনকার হাদীছ বর্ণনাকারী। আর নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে তিনি এমন হাদীছ নিয়ে এসেছেন যা তাদের হাদীছ নয়।

হাদীছটি আবু হুরাইরাহ (রাঃ) হতে অন্য বাক্যেও বর্ণিত হয়েছে, সেটি হচ্ছে নিম্নোক্ত হাদীছটিঃ (দেখুন পরের হাদিস)

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71497>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন